

উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: আরিফুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
 সভার তারিখ : ২৮ ফেব্রুয়ারি' ২০২৪ খ্রি:, সময়: বেলা ১২.৪৫ ঘটিকা
 সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বেগমগঞ্জ, নোয়াখালী।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট- “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটির সদস্য, কার্যপরিধি, লক্ষ ও উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করা হয়। এবং সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জনাব রেশমা আক্তার, বাংলাদেশ শ্রম আইন-২০০৬ অনুযায়ী শিশু শ্রম সংক্রান্ত বিধানাবলী, জাতীয় শিশুশ্রম নীতিমালা, ২০১০ ও এ নীতি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা এবং কমিটির কার্যপরিধিসহ সার্বিক বিষয় উপস্থাপন করেন। আলোচ্যসূচী অনুযায়ী সভায় আলোচনা ও মতামত ব্যক্ত করার জন্য নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
শিশু শ্রমিক এবং শিশুশ্রম সংক্রান্ত ধারণা	বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শিশুশ্রম জরিপের আলোকে শিশু ও শিশুশ্রম সংক্রান্ত পরিস্থিতি এবং তথ্য উপস্থাপন করত: প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন সেক্টরে শিশুকে কাজে দেখা যায় উল্লেখ করে শিশুকে কাজে নিয়োজিত করা মোটেও কাম্য নয় মর্মে অভিহিত করা হয় এবং সে সমস্ত সেক্টরে শিশুকে কাজ করতে দেখা যায়, তা চিহ্নিত করে শিশুশ্রম মুক্ত করার নিমিত্তে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মতামত ব্যক্ত করা হয়।	(১) শ্রম আইন অনুযায়ী ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রমিক নিয়োগ করতে দেয়া যাবে না। (২) শিশুশ্রম সংক্রান্ত হটস্পট আইডেন্টিফিকেশন করতে হবে।	উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটির সদস্যবৃন্দ
শিশুশ্রম নিরসন নীতি সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা	সরকার শিশুশ্রম নীতিমালা ২০১০ প্রণয়ন করে জাতীয় কর্মপরিকল্পনা নির্ধারণ করেছে। শিশুশ্রম মুক্ত দেশ গঠনে জাতীয় শিশুশ্রম নীতির আলোকে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল শ্রেণী পেশা নির্বিশেষে সকলকে সম্মিলিত ভাবে কাজ করতে অনুরোধ করা হয়।	জাতীয় শিশুশ্রম নীতিমালা, ২০১০ সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটির সদস্যবৃন্দ
৩৮(আটত্রিশ) টি ঝুঁকিপূর্ণ কাজে সম্পর্কে ধারণা	শিশু শ্রমিকদের ৩৮টি ঝুঁকিপূর্ণ কাজে নিয়োগ করা সম্পূর্ণ নিষিদ্ধ। ২০১৭-২০১৮ অর্থ বছরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে কর্তৃক নির্ধারিত ১১(এগারো) টি সেক্টরে শিশুশ্রম নিরসন করতে হবে। এই উপজেলায় শিশুশ্রম মুক্ত করার জন্য যে সব সেক্টরে শিশুরা কাজ করছে এমন সেক্টর চিহ্নিত করে সমাধান করতে হবে।	সকল সদস্যদেরকে ৩৮টি ঝুঁকিপূর্ণ কাজের তালিকা উপমহাপরিদর্শক সরবরাহ করবেন।	উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটির সদস্যবৃন্দ
বিবিধ: সভা আয়োজন	প্রতি ০৩মাস অন্তর অন্তর সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে এবং এ কমিটির সভা নিয়মিত আয়োজনের মাধ্যমে শিশু শ্রম নিরসনে সকলকেই তার নিজ নিজ জায়গা হতে এগিয়ে আসতে এবং এ ব্যাপারে সকল সদস্যদেরকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়।	প্রতি ০৩মাস অন্তর অন্তর সভা আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে।	সভাপতি এবং সদস্য সচিব।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Om

২৮/০২/২০২৪

(মো: আরিফুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার ও

সভাপতি

উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটি


বেগমগঞ্জ, নোয়াখালী

স্মারক নং-৩২.০১.৭৫০৭.০০০.০৫.০০৩৬.২১-৬৮

তারিখ: ২৮ ফেব্রুয়ারি' ২০২৪খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মাননীয় সংসদ সদস্য-২৭০, নোয়াখালী-০৩।
২. জেলা প্রশাসক, নোয়াখালী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী।
৫. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নোয়াখালী।
৬. উপজেলা কর্মকর্তা(সদস্য), বেগমগঞ্জ, নোয়াখালী।
৭. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বেগমগঞ্জ, নোয়াখালী।
৮. জনাব প্রতিভা রানী দাস, পিতা-সূর্য্য কুমার দাস, হাজীপুর, গোলাবাড়ীয়া, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী।
৯. জনাব নুরুল আমিন সেলিম, পিতা-মৃত খুরশিদ আলম, গ্রাম-নাজিরপুর, শ্রমিক সংগঠনের প্রতিনিধি, বেগমগঞ্জ, নোয়াখালী।
১০. জনাব নুর উদ্দিন, পিতা-মৃত আবদুল হাই, ৮নং ওয়ার্ড, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী।
১১. অফিস কপি।



(রেশমা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও
সদস্য সচিব
উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি
বেগমগঞ্জ, নোয়াখালী।